# দীর্ঘস্থায়ী কীটনাশক জালের (এলএলআইএন) ব্যবহারকারীদের জন্য নির্দেশিকা

DO NOT PRINT

## ভূমিকা

ইউনাইটেড নেশনস ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অরগানাইসেশন (ইউনিডো) এবং ইউনাইটেড নেশনস এনভাইরন্মেন্ত প্রোগ্রাম (ইউনেপ), গ্লোবাল এনভায়রনমেন্ট ফেসিলিটির (জেফ) সহায়তায় ম্যালেরিয়া নিয়ন্ত্রণে ডাইক্লোরোডাইফিনাইলট্রাইক্লোরোইথেন (ডিডিটি) র বিকল্প হিসেবে নন-পারসিসটেন্ট অর্গানিক পল্যুট্যাণ্ট তৈরি করা এবং তার প্রচার করার জন্য ভারত সরকারের সাথে কাজ করছে। এই বিকল্পটি হল লঙ লাস্টিং ইনসেকটিসাইডাল নেট (এলএলআইএন) - মশা আটকানোর জন্য এক ধরনের জাল, যাতে কিনা মশাগুলো জালের গায়ে আটকে যায় বা জালের মধ্যে ধরা পড়ে।

ভারতে ম্যালেরিয়া নিয়ন্ত্রণে ডিডিটির বিকল্প হিসেবে এলএলআইএন খুবই সুরক্ষিত, কার্যকরী, পরিবেশ বান্ধব এবং সস্তা ও টেকসই একটি বিকল্প। ভারতে, স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অন্তর্গত ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোলের (এনসিভিবিডিসি) ন্যাশনাল ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল প্রোগ্রামের (এনভিবিডিসিপি) জনস্বাস্থ্য প্রকল্পে এই বিকল্পটি অন্যতম কীটনাশক প্রতিরোধক হিসেবে ব্যবহৃত হচ্ছে। এনসিভিবিডিসি সময়ে সময়ে এলএলআইএনের ব্যবহার এবং তার বন্টনের বিষয়ে নানারকম নির্দেশিকা এবং সতর্ক বার্তা দিয়ে থাকে।


ভারতে স্বাস্থ্য সংক্রান্ত বিষয়টি রাজ্য সরকারের নিয়ন্ত্রণাধীন এবং সেই কারণে কোন নির্দিষ্ট জনসাধারনের কাছে এলএলআইএন পৌঁছে দেওয়ার দায়িত্বটি সংশ্লিষ্ট রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের উপরেই বর্তায়। রাজ্যসরকারগুলি তাদের এলএলআইএনের পরিমাণের একটি দাখিলা ভারত সরকারকে প্রতি বছর জমা করে। সেই অনুসারে কেন্দ্রীয় প্রকিওরমেনট এজেন্সি, সেনট্রাল মেডিকেল সার্ভিস সোসাইটি (সিএমএসএস), এলএলআইএন কিনে বাণিজ্যিক নিলামের মাধ্যমে সেই এলএলআইএন সংশ্লিষ্ট রাজ্য সরকার কিংবা তার নির্ধারিত প্রাপকের কাছে পাঠিয়ে দেয়। এরপর এই এলএলআইএন পূর্ব নির্ধারিত জনসাধারনের কাছে পৌঁছে দেওয়া হয়, যাতে করে তারা এই পুরো পদ্ধতিটির দ্বারা লাভবান হতে পারে।

এলএলআইএনরে মূল ব্‌যবহারকারী:

- সরবরাহ করার জন্‌য পণ্‌যগুলি যাদরে কাছে যায়, অর্থাৎ, রাজ্‌য, জলো এবং ব্‌লক/প্‌রাথমকি স্‌বাস্‌থ্‌য কন্‌দ্‌ররে টকেনকিাল, প্‌রশাসনকি এবং লজস্‌টিকিস এর সাথে যুক্‌ত কর্‌মচারী (যারা নর্‌ধিারতি প্‌রাপক)
- জনসাধারন, যারা এনসভিবিডিসিপি রি নয়িন্‌ত্‌রণ সংক্‌রান্‌ত প্‌রকল্‌পরে দ্‌বারা আদতে লাভবান হবে (মূল উপভোক্‌তা অথবা সর্‌বশষে উপকৃত)



# এনসিভিবিডিসি র কেনা এলএলআইএনের মূল গ্রাহকদের জন্য বণ্টন সংক্রান্ত নির্দেশিকা[1]





Procurement and supply of LLINs to States and Union Territories under NVBDCP[1]

এলএলআইএনের গ্রাহকদের সংরক্ষণ সংক্রান্ত দায়িত্ব :

- **এলএলআইএন সংরক্ষণের ব্যবস্থা নিয়মিত পরিদর্শন করার জন্য একটি পরিকাঠামো রাখতে হবে এবং সেই সাথে খেয়াল রাখতে হবে যাতে করে উপলব্ধ সম্পদের সাহায্যেই এলএলআইএন সংরক্ষণের সঠিক ব্যবস্থা বজায় থাকে**
- সংরক্ষণের জায়গাটিতে যথাযথ সুরক্ষা এবং নজরদারির ব্যবস্থা থাকতে হবে যাতে কোন রকমের দুর্ঘটনা না ঘটে
- সংরক্ষণের জায়গাটির দায়িত্ব নেওয়ার জন্য একজন ভারপ্রাপ্ত ব্যক্তি থাকবেন
- এলএলআইএন যেখানে সংরক্ষিত থাকবে, সেই জায়গাটিকে ইঁদুরের উপদ্রব থেকে বাঁচাবার জন্য বিশেষ ব্যবস্থা রাখতে হবে

# রাজ্য / জেলার দ্বারা ব্লক/প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র/ উপ-কেন্দ্র কে এলএলআইএনের বরাদ্দকরণ




1 Operation Manual for Malaria Elimination in India 2016 (https://nvbdcp.gov.in/WriteReadData/l892s/5232542721532941542.pdf)

DO NOT PRINT

- রাজ্য / জেলা আধিকারিক কর্ত্রীপক্ষ যদি মনে করেন তাহলে রাজ্য সরকারের নিয়মানুযায়ী কোন নিরপেক্ষ ল্যাবরেটরির দ্বারা এই জিনিসগুলির পরীক্ষা করাতে পারে এবং তার রিপোর্ট বানাতে পারে.[1, 2, 3]
- যদি কোন অসঙ্গতি ধরা পড়ে তাহলে রাজ্যকে তৎক্ষণাৎ এনসিভিবিডিসি কে জানাতে হবে।

## জনসাধারণের কাছে এলএলআইএনের বণ্টন

ব্লকস্তরীয় ভারপ্রাপ্ত কর্মচারীর দায়িত্ব:

- গ্রামের একটি তালিকা তৈরি এবং এলএলআইএনের বণ্টনের পূর্বে সেই গ্রামগুলির চটজলদি পরিদর্শন।
- ঘাটতির কথা মাথায় রেখে প্রয়োজনের বেশি স্টক রাখা।
- সর্বশেষ উপভোক্তার কাছে পৌঁছে দেওয়ার জন্য যথেষ্ট পরিমাণে তহবিলের যোগান রাখা ।

সংশ্লিষ্ট গ্রামে এলএলআইএনের বণ্টন:

- জনস্বাস্থ্য কেন্দ্র বা জনগণের জন্য তৈরি শিবিরের মাধ্যমেই বণ্টন প্রক্রিয়া সম্পাদন।
- বণ্টনের সময়ে অফিসারের তরফে কমিউনিটি বেস সংস্থা (সিবিও) বা নন-গভর্নমেন্ট সংস্থা (এনজিও) বা ধর্মীয় সংগঠনের সাহায্য গ্রহণের প্রয়োজনীয়তা তুলে ধরা ।
- বণ্টন সুষ্ঠু ভাবে করার জন্য স্থানীয় নেতা, গ্রাম পঞ্চায়েত, মিউনিসিপ্যালিটি বা সরকারী কর্তৃপক্ষ কে এই কাজে যুক্ত করতে হবে ।

রাজ্য সরকার দ্বারা এলএলআইএনের ব্যবহার সম্বন্ধে মানুষকে জাগরূক করা:

- এলএলআইএন বণ্টনের পূর্বে এবং পরে, রাজ্য সরকারের তরফে একটি কার্যকরী যোগাযোগের পরিকল্পনা বানাতে হবে যাতে তারা জনসাধারণের কাছে পৌঁছাতে পারে এবং এলএলআইএনের গ্রহণ যোগ্যতা এবং বণ্টন পরবর্তী ব্যবহার সম্বন্ধে তাদের কাছ থেকে সঠিক ভাবে জানতে পারে ।
- এলএলআইএনের সঠিক ব্যবহার সম্পর্কে আঞ্চলিক ভাষায় ইনফরমেশন, এডুকেশন অ্যান্ড কমিউনিকেশন (আইইসি) উপাদান তৈরি করা।
- এলএলআইএন বণ্টনে যুক্ত ব্যক্তির দ্বারা জনসাধারণের মধ্যে এলএলআইএনের সঠিক ব্যবহার সম্বন্ধে সচেতনতা জাগিয়ে তোলা ।
- উপভোক্তারা এলএলআইএন সঠিকভাবে ব্যবহার করছে কিনা তা দেখবার জন্য সময়ে সময়ে পরিদর্শন করা।

1 http://ppqs.gov.in/divisions/pesticides-testing-infrastructure/state-pesticides-testing-laboratories

2 http://ppqs.gov.in/divisions/pesticides-testing-infrastructure/regional-pesticides-testing-laboratories


3 http://ppqs.gov.in/divisions/cib-rc/list-of-glp-nabl-lab-permitted



DO NOT PRINT

## वेक्टर बोर्न रोग नियंत्रण चे राष्ट्रीय केंद्र (NCVBDCP) अंतर्गत अंतिम वापरकर्त्यां पर्यन्त टिकावू किटाकनाशक जाळयांची पुरवठा साखळी आणि वितरणचा तक्ता.

**Flowchart depicting stages of LLIN supply and distribution to end-users under National Vector Borne Disease Control Programme**




**LLIN supply and distribution to end-users under NVBDCP**

DO NOT PRINT

## সর্বশেষ উপভোক্তা অর্থাৎ জনসাধারণের জন্য নির্দেশিকা

- এলএলআইএন বণ্টনের সময়ে দেওয়া লিফলেট এবং আইইসি উপাদান সঠিক ভাবে পড়ে নেওয়া ।
- সংশ্লিষ্ট আধিকারিক এলএলআইএন বণ্টনের সময়ে সেটিকে সঠিক ভাবে রাখা এবং সেগুলো ঠিক ভাবে ধোয়ার জন্য যে যে নির্দেশ দিয়েছেন, সেই সব নির্দেশ মান্য করা
- ব্যবহারকারী যদি এলএলআইএন ব্যবহারের জন্য ক্রমাগত কোন স্বাস্থ্য সংক্রান্ত সমস্যার সম্মুখীন হয় তাহলে সেটি অবশ্যই সংশ্লিষ্ট জেলাস্তরীয় কিংবা ব্লকস্তরীয় আধিকারিকের নজরে আনা।

> এলএলআইএনরে তনি বছররে ময়োদ শষে হয়ে যাওয়ার পর সটেকি সুরক্ষতি ভাবে রাখা এবং সাধারণ জাল হসিবে সটেকি ব্যবহার করা ।

- নিয়মানুসারে মশারির ন্যায্য বণ্টন ।
- গ্রহীতারা যাতে মশারি বিক্রি না করে নিজেরা ব্যবহার করে সেদিকে খেয়াল রাখা।
- কোনরকম অপব্যবহার সম্বন্ধে নির্দিষ্ট আধিকারিককে সতর্ক করা ।

---

1 Operation Manual for Malaria Elimination in India 2016 (https://nvbdcp.gov.in/WriteReadData/l892s/5232542721532941542.pdf)

2 http://ppqs.gov.in/divisions/pesticides-testing-infrastructure/state-pesticides-testing-laboratories

3 http://ppqs.gov.in/divisions/pesticides-testing-infrastructure/regional-pesticides-testing-laboratories

4 http://ppqs.gov.in/divisions/cib-rc/list-of-glp-nabl-lab-permitted